গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mhapsd.gov.bd

**জনপ্রশাসন সংস্কার কমিশন কর্তৃক প্রস্তাবিত সুপারিশ বাস্তবায়ন বিষয়ক জননিরাপত্তা বিভাগ সংশ্লিষ্ট 'বাস্তবায়ন টিম' এর ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতাউর রহমান খান, এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও আহ্বায়ক, 'বাস্তবায়ন টিম',<br>জনপ্রশাসন সংস্কার কমিশন। |
| সভার তারিখ | : | ১০ জুলাই ২০২৫ |
| সভার সময় | : | দুপুর ০২:৩০ টা |
| স্থান | : | কক্ষ নম্বর-১২০, ২য় তলা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জনপ্রশাসন সংস্কার কমিশন কর্তৃক প্রস্তাবিত এ বিভাগ সংশ্লিষ্ট সুপারিশসমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচনা অন্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র:নং | বিষয় | কমিশনের সুপারিশ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটকে ডায়নামিক করা | প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পের বাস্তবায়নে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য বিস্তারিত হালনাগাদ তথ্যাদি মন্ত্রণালয়/ বিভাগের ওয়েবসাইটে আপলোড করবে এবং তাতে নাগরিকদের মতামত (ফিডব্যাক) প্রদানের অপশন রাখতে হবে। | জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম এবং প্রকল্পের বিস্তারিত হালনাগাদ তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ এবং নাগরিকদের মতামত (ফিডব্যাক) গ্রহণের অপশন চালুর বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর মাধ্যমে প্রয়োজনীয় অপশন সংযোজনকরণের জন্য পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | প্রয়োজনীয় অপশন সংযোজনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়নে:**<br>**সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল** |
| ২ | সেবা গ্রহণে নাগরিকদের সমস্যা, অভিযোগ-অনুযোগ শোনার জন্য সকল সরকারি দপ্তরে নির্দিষ্ট বিরতিতে গণশুনানি নিশ্চিত করা | তথ্য অধিকার আইন অনুযায়ী নাগরিকদের তথ্য সরবরাহ ও তাদের সমস্যা, অভিযোগগুলো শোনা (Public Hearing) বাধ্যতামূলক করে সকল সরকারি দপ্তরকে নির্দেশনা দেওয়া যেতে পারে। | এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০২ জুলাই ২০২৫ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী জননিরাপত্তা বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হবে মর্মে আলোচনা হয়। | সকল দপ্তর/ সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>**বাস্তবায়নে:**<br>**অনুবিভাগ প্রধান (সকল)** |
| ৩ | জনসেবার মানোন্নয়ন ও দক্ষতা উন্নয়নে ই-গভর্মেন্ট ব্যবস্থা এবং সকল ই-সার্ভিস ব্যবস্থা শক্তিশালীকরণের মাধ্যমে ডিজিটাল রূপান্তর সম্পন্ন করা। | জনসেবা ব্যবস্থার দক্ষতা বাড়াতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করতে পারে। একটি মূল কৌশল হতে পারে সরকারি সেবার ডিজিটাল রূপান্তর। সরকার একাধিক ই-গভর্নমেন্ট সো শক্তিশালী করতে পারে, যেমন- অনলাইন ট্যাক্স দাখিল, ডিজিটাল জমির রেকর্ড এবং ইলেকট্রনিক জন্ম নিবন্ধন, এনআইডি, পাসপোর্ট ইত্যাদি ই-সেবা সরকারি বা জনসেবার সময় ও খরচ হ্রাস করে দক্ষতা বৃদ্ধি করতে পারে। এছাড়া এটি দূরবর্তী বা অনগ্রসর এলাকায় নাগরিকদের জন্য সেবার অভিগম্যতা | (ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বর্তমান সরকার কর্তৃক গৃহীত নাগরিক প্ল্যাটফর্মে সরকারের সকল নাগরিক সেবা অন্তর্ভুক্ত করার একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করবে। উক্ত বিষয়ে আলোচনা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে সমন্বয় করে এ বিভাগের সকল নাগরিক সেবা নাগরিক প্ল্যাটফর্মে অন্তর্ভুক্ত করার একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।<br>**বাস্তবায়নে:**<br>**সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল** |
| | | | (খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ অতি দ্রুত National data governance interoperability system বাস্তবায়ন করার সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করবে। উক্ত | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে সমন্বয় করে অতি দ্রুত National data governance interoperability system বাস্তবায়ন করার |

| ক্র:নং | বিষয় | কমিশনের সুপারিশ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | (Access) বাড়াতে পারে। ই-সেবা স্বচ্ছতা বাড়াতে পারে এবং নাগরিকদের সাথে সরকারের বিশ্বাসযোগ্যতা বাড়াতে পারে। একই সাথে এটি খরচ সাশ্রয়ী এবং এবং তথ্য ব্যবস্থাপনায় উন্নতির লক্ষ্যে ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (NESS) এবং মোবাইল অ্যাপ্লিকেশনগুলোকে (Mobile Applications) শক্তিশালী করে আমলাতান্ত্রিক প্রক্রিয়া সহজতর করতে পারে। | বিষয়ে আলোচনা হয়। | সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।<br><br>**বাস্তবায়নে:**<br>**সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল** |
| | | | (গ) ই-গভর্মেন্ট ব্যবস্থা এবং সকল ই-সার্ভিস ব্যবস্থা শক্তিশালী করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহায়তায় প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ অতি দ্রুত সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। | ই-গভর্মেন্ট ব্যবস্থা এবং সকল ই-সার্ভিস ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে একটি সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত)।<br><br>**বাস্তবায়নে:**<br>**সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল** |
| | | | (ঘ) আগামী এক মাসের মধ্যে এ বিভাগের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগ হতে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করা হবে।<br><br>**বাস্তবায়নে:**<br>**সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল** |
| ৪ | মন্ত্রণালয় কর্তৃক কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন কৌশল নির্ধারণ | | সংস্কার প্রস্তাব বাস্তবায়নের সাথে সম্পৃক্ত জননিরাপত্তা বিভাগের অগ্রাধিকার প্রাপ্ত সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নে বাস্তবায়ন টিম গঠন ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন, সংস্কার প্রস্তাব বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ বিবেচনায় নিয়ে কর্মপরিকল্পনা তৈরি, আর্থিক সংশ্লেষ বিবেচনায় নিয়ে বাস্তবায়নকালসহ বাস্তবায়ন কৌশল নির্ধারণ, অগ্রাধিকার প্রাপ্ত সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নে গৃহীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধান উপদেষ্টার কার্যালয়কে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। | সংস্কার প্রস্তাব বাস্তবায়নের সাথে সম্পৃক্ত "বাস্তবায়ন টিম" গঠন ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রদান করা হয়েছে।<br><br>সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ ও প্রধান উপদেষ্টার কার্যালয়কে অবহিত করতে হবে।<br><br>**বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান (প্রশাসন ও অর্থ)** |

০২। সভাপতি সভায় সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। অতঃপর আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতাউর রহমান খান, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
আহ্বায়ক,
'বাস্তবায়ন টিম',
জনপ্রশাসন সংস্কার কমিশন।

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২১.৯৯.০০২.২৫-৬৫

তারিখ : ২৯ আষাঢ় ১৪৩২ / ১৩ জুলাই ২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত/ রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/ পুলিশ ও এনটিএমসি/ উন্নয়ন/ মেডিকেল অনুবিভাগ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

১৩/৭/২৫
সোহানা নাসরিন
উপসচিব

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।